

আমাদের সময়

এশিয়ার সেরা ৫০০ বিশ্ববিদ্যালয়ের ছয়টি বাংলাদেশের

আমাদের সময় ডেস্ক ●
এশিয়ার সেরা ৫০০ বিশ্ববিদ্যালয়ের মধ্যে স্থান পেয়েছে বাংলাদেশের ছয়টি প্রতিষ্ঠান। এর মধ্যে দুটি সরকারি এবং বেসরকারি বিশ্ববিদ্যালয় চারটি। ব্রিটিশ কোম্পানি কুয়াকুয়ারেলি সাইমন্স লিমিটেড (কিউএস) জরিপ শেষে সম্প্রতি এ বিষয়ে প্রতিবেদন প্রকাশ করে। প্রাতিষ্ঠানিক খ্যাতি, শিক্ষক ও কর্মচারীদের দক্ষতা, শিক্ষক-ছাত্রের অনুপাত, শিক্ষকদের বিভাগীয় কৃতিত্ব তথা গবেষণা এবং আন্তর্জাতিক পর্যালোচনা- এই পাঁচ মানদণ্ডের ওপর পৃষ্ঠা ৬, কলাম ৪

এশিয়ার সেরা ৫০০

(৩ এর পৃষ্ঠার পর) ভিত্তিতে র‍্যাংকিং করা হয়েছে। প্রতিবেদন অনুযায়ী এশিয়ার সেরা দশ বিশ্ববিদ্যালয় হলো- ন্যাশনাল ইউনিভার্সিটি অব সিঙ্গাপুর (এনইউএস), দি ইউনিভার্সিটি অব হংকং, নানিয়াং টেকনোলজিক্যাল ইউনিভার্সিটি (এনটিইউ) সিঙ্গাপুর, চীনের সিনহুয়া ইউনিভার্সিটি, পিকিং ইউনিভার্সিটি ও ফুদান ইউনিভার্সিটি, হংকং ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি, কোরিয়ান অ্যাডভান্স ইনস্টিটিউট অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি, চাইনিজ ইউনিভার্সিটি অব হংকং এবং দক্ষিণ কোরিয়ার সিউল ন্যাশনাল ইউনিভার্সিটি।

আর সেরা ১০০ বিশ্ববিদ্যালয়ের মধ্যে ২৩টিই চীনের। এ তালিকায় বাংলাদেশের একটি বিশ্ববিদ্যালয়েরও স্থান হয়নি। তবে প্রতিবেশী দেশ ভারতের আটটি বিশ্ববিদ্যালয় রয়েছে, আর পাকিস্তানের রয়েছে দুটি। আবার ভারত ও চীন প্রতিবেশী হলেও উচ্চশিক্ষায় পার্থক্যটা অনেক বেশি। র‍্যাংকিংয়ে সেরা ৩০টির মধ্যে চীনের সাত বিশ্ববিদ্যালয় জায়গা করে নিলেও নেই ভারতীয় কোনো বিশ্ববিদ্যালয়ের নাম।

এশিয়ার সেরা ৫০০ বিশ্ববিদ্যালয়ের মধ্যে ১১১টিই চীনা বিশ্ববিদ্যালয়। এ তালিকায় জাপানের বিশ্ববিদ্যালয় ৮৯টি, ভারতের ৭৫টি, দক্ষিণ কোরিয়ার ৫৭টি, মালয়েশিয়ার ২৬টি, পাকিস্তানের ২৩টি, ইন্দোনেশিয়ার ২২টি, তাইওয়ানের ২০টি, থাইল্যান্ডের ১১টি, ফিলিপাইনের আটটি, হংকংয়ের সাতটি, ভিয়েতনামের সাতটি, বাংলাদেশের ছয়টি, শ্রীলঙ্কার চারটি, সিঙ্গাপুরের তিনটি, ম্যাকাও এবং ব্রুনাইয়ের দুটি করে।

তালিকায় ১২৭ নম্বরে আছে ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি), ১৭৫ নম্বরে যৌথভাবে বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (বুয়েট) এবং মালয়েশিয়ার মাল্টিমিডিয়া ইউনিভার্সিটি। এ ছাড়া ৩০১ থেকে ৩৫০-এর মধ্যে আছে ব্র্যাক, নর্থ সাউথ ও ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি এবং ৪৫১ থেকে ৫০০ এর মধ্যে আছে ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি।